# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

প্রধান কার্যালয়
১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।
ফোনঃ ০২-৪১০২৩২৩৬, ০২-৪১০২৩২৩৭, ই-মেইলঃdkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org

## ২৫/০১/২০২৫ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ২৫/০১/২০২৫ইং শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা খামারবাড়ি, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ জিয়াউল হায়দার পলাশ, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন জনাব সৈয়দ জাহীদ হোসেন, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব শরীফ আব্দুল কাদের, নির্বাহী সদস্য, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

গত সভার পর হতে যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যুবরণ করেছেন তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে এবং যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে মোনাজাত পরিচালনা করেন জনাব শরীফ আব্দুল কাদের, নির্বাহী সদস্য, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।

মহাসচিব জনাব সৈয়দ জাহীদ হোসেন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার কার্যক্রম শুরু করেন। তিনি সুমনা আকতার স্মৃতি, সহ-সাংগঠনিক সম্পাদক (কুমিল্লা অঞ্চল), কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং জনাব মোঃ সফিকুল ইসলাম ভূইয়া, উপসহকারী কৃষি কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া কে কৃষক প্রণোদনার মালামাল বিতরনে অনিয়মের অভিযোগে হয়রানি মূলক বদলী, পরবর্তীতে সাময়িক বরখাস্ত করায় অত্র সংগঠনের পক্ষ থেকে তীব্র নিন্দা করেন। অনতিবিলম্বে বদলীর আদেশ বাতিল পূর্বক পূর্বতন কর্মস্থলে বহাল রাখা সহ প্রয়োজনী ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি মহোদয়কে অনুরোধ করেন। তিনি গত সভার পর হতে অদ্যাবধি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন। অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনায় অংশ গ্রহনের জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল নেতৃবৃন্দকে অনুরোধ করেন।

অতঃপর গত ১৫/১১/২০২৪খ্রিঃ তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলোঃ-

সিদ্ধান্ত-০১ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের একাডেমিক নিয়ন্ত্রনাধীনে পরিচালিত কৃষি ডিপ্লোমা (৩বছর মেয়াদী) কোর্স সম্পন্ন করে কৃষি ডিপ্লোমা সনদ অর্জনকারী এবং কৃষি ডিপ্লোমা (৪ বছর মেয়াদী) কোর্স সম্পন্ন করে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক প্রদানকৃত কৃষি ডিপ্লোমা সনদ অর্জনকারীগন সমমানের। এ বিষয়ে ইতিপূর্বেই বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড স্মারক নং-বাকাশিবো/ক/কৃ/৫১১ তারিখঃ ১৪/০৮/২০০৭ মূলে কৃষি মন্ত্রণালয়কে অবহিত করেছেন। এমতাবস্থায় কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ যারা গ্রেড-১১ থেকে গ্রেড-১০ উন্নীত হয়েছেন তাদেরকে উচ্চ ধাপে বেতন নির্ধারণ পদ্ধতি সম্পন্ন করনের সুব্যবস্থা করার জন্য অর্থ মন্ত্রণালয় সহ হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়কে দ্রুততার সাথে নিস্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০২ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের বেতন বৈষম্য দূরীকরনের লক্ষ্যে উচ্চধাপে বেতন নির্ধারনের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০. ১৬৪.১২.০৯৭.১৩-৬৩ তারিখঃ ১৭/০৪/২০২২ইং এবং কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৫২.১১.০৪৪.১৮-৪১৯ তারিখঃ ২২ মে ২০২২ইং এর আলোকে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের বেতন বৈষম্য নিরসনের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সিজিএ ভবন ও হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়কে দ্রুততার সাথে নিস্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ (ক) উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ হতে গ্রেডেশন ১০২০১ হতে ১০৯৫৫পর্যন্ত মোট ৭৫৫ জন কর্মকর্তাদের সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান শূন্য পদে পদোন্নতি/পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

(খ) সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদ থেকে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ক্যাডার পদে পদোন্নতির কোটা কৃষি মন্ত্রণালয়ের প্রেরিত পত্রের আলোকে ২০% হতে ৩৩.৩৩% বৃদ্ধির বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৪ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং-১০৪৫ তারিখঃ ০১ সেপ্টম্বর ২০১৫ পত্র মূলে সিদ্ধান্ত-খ এর আলোকে ডিপ্লোমা কৃষিবিদদের পরিচিত পরিবেশে চাকুরি করার বিধান রয়েছে বিধায় কৃষি ও কৃষকের স্বার্থে মাঠে ময়দানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণকে নিজ জেলার বাইরে বদলী/পদায়ন না করার জন্য এবং বর্তমানে যে সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ জেলার বাহিরে পদায়িত আছেন তাদেরকে অনতিবিলম্বে জনস্বার্থে নিজ জেলায় পদায়নের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ কৃষি মন্ত্রণালয়ের আওয়াতধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিভিন্ন বিভাগ ও সংস্থায় কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বেতনস্কেল ১০ম গ্রেডে উন্নীত করণ ও ২য় শ্রেণী গেজেটেড পদ মর্যাদার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কৃষি মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

সিদ্ধান্ত-০৬ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সকল সদস্যের  বাৎসরিক চাঁদা, কল্যাণ তহবিলের চাঁদা, অনুদান সহ সকল বকেয়া চাঁদা জরুরীভাবে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৭ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির অর্থ সম্পাদক জনাব মোঃ আবুবকর সিদ্দিক গত ০৫/১১/২০২৪খ্রিঃ তারিখ থেকে ২৪/০১/২০২৫ইং তারিখ পর্যন্ত মোট ৫৪টি ভাউচারের হিসাব বিবরণী সভায় উপস্থাপনের পর অত্র সভায় সন্তোষ প্রকাশ করেন।

(খ) ডিসেম্বর/২০২৪ সালে বন্যার্তদের সাহায্যার্থে উত্তোলিত অনুদান বাংলাদেশ কৃষি ব্যাংক, খামারবাড়ি, শাখায় সমুদয় ২০,৯২,০০০/-(বিশ লাখ বিরানব্বই হাজার) টাকা বর্তমানে সংরক্ষিত আছে। আজকের সভায় আলোচনা মোতাবেক পরবর্তীতে কোন প্রাকৃতিক দুর্যোগের সময় উত্তোলিত টাকার সহায়তা প্রদান করা যেতে পারে বলে সকলে মতামত প্রকাশ করেন। যাহা আগামী জাতীয় পরিষদ সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হবে।

সিদ্ধান্ত-০৮ঃ (ক) ১৪৬/১, জাফরাবাদ শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয়ের আংশিক বিশ্রামাগার/রেস্ট হাউজ হিসাবে ব্যবহারের নিমিত্তে পরিকল্পনা, বাজেট প্রনয়ন করে, নির্মান কাজ সম্পন্ন করার লক্ষ্যে নিম্নরূপ ০৩ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

| | | |
|---|---|---|
| ১। সৈয়দ জাহীদ হোসেন | মহাসচিব | আহবায়ক |
| ২। শরীফ মোঃ আব্দুল কাদের | নির্বাহী সদস্য | সদস্য |
| ৩। মোঃ আনোয়ার হোসেন অপু | প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক | সদস্য |

(খ) জনাব মোঃ সফিকুল ইসলাম ভূইয়া, উপসহকারী কৃষি কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া কে কৃষক প্রণোদনার মালামাল বিতরনে অনিয়মের অভিযোগে হয়রানি মূলক বদলী, পরবর্তীতে সাময়িক বরখাস্ত করায় তার আবেদনের প্রেক্ষিতে নিম্নরূপ ৩ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

| | | |
|---|---|---|
| ১। শরীফ মোঃ আব্দুল কাদের | নির্বাহী সদস্য | আহবায়ক |
| ২। মোঃ রুহুল আমীন | সহ-সভাপতি (ঢাকা) | সদস্য |
| ৩। মোঃ সামছুল আলম | সহ-সভাপতি (চট্টগ্রাম) | সদস্য |

সিদ্ধান্ত-০৯ঃ ডিকেআইবি গাইবান্ধা, কুড়িগ্রাম জেলা শাখা, বগুড়া অঞ্চল শাখার অসমাপ্ত নির্বাচনী কার্যক্রম এবং অন্য কোন স্তরের নির্বাচন অসমাপ্ত থাকলে তা সম্পন্ন করার জন্য প্রধান নির্বাচন কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১০ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সাংগঠনিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে প্রতিটি অঞ্চলের জেলা, উপজেলা ও অঞ্চলের নেতৃবৃন্দের সমন্বয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম করার সিদ্ধান্ত গৃহিত হয়। অঞ্চল ভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রাম এর সময়সূচী জাতীয় পরিষদে আলোচনার মাধ্যমে জানানো হবে বলে সিদ্ধান্ত গৃহিত হলো।

পরিশেষে সভার সভাপতি মহোদয় উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করেন। পাশাপাশি কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান। অতঃপর উপস্থিত সকল নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জিয়াউল হায়দার পলাশ)
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১১-৮৩৪৮৫৫

স্মারক নং-ডিকেআইবি-১০(৭৫) তারিখঃ ২৫/০১/২০২৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধান উপদেষ্টা,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় অর্থ উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় কৃষি উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
০৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৮. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, গাজীপুর।
০৯. মহাপরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/বি.জে.আর.আই/বিনা/বি.এস.আর.আই, ......................।
১০. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১১. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১২. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
১৩. পরিচালক, .............................................................................।
১৪. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................... অঞ্চল।
১৫. অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই), ....................................।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................. জেলা।
১৭. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল নেতৃবৃন্দ।
১৮. সভাপতি/মহাসচিব, ডিপ্লোমা এগ্রিকালচারিষ্ট এসোসিয়েশন অব বাংলাদেশ (ডি-এ্যাব), কেন্দ্রীয় নির্বাহী কমিটি।
১৯. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ..........অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
২০. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, .......... উপজেলা শাখা, ................. জেলা।
২১. জনাব..........................................................................।

(সৈয়দ জাহীদ হোসেন)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ।
০১৭৮১-৪৮৮৭৬১